ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৩১০</u>

আগরতলা,১৮ অক্টোবর,২০২৫

**জেলা পাবলিক রিলেশন অফিসার, জেলা মিডিয়া নোডাল অফিসার এবং জেলা সোশ্যাল মিডিয়া নোডাল অফিসারদের (ডিএসএমএনও) নিয়ে প্রশিক্ষণ কর্মশালা**




আসন্ন ভোটার তালিকার সংশোধনের প্রক্রিয়াকে সুচারুভাবে সম্পন্ন করার জন্য রাজ্য নির্বাচন দপ্তরের উদ্যোগে জেলা পাবলিক রিলেশন অফিসার (ডিপিআরও), জেলা মিডিয়া নোডাল অফিসার (ডিএমএনও) এবং জেলা সোশ্যাল মিডিয়া নোডাল অফিসার (ডিএসএমএনও) এর নিয়ে আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয়ে একদিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, মিডিয়ার সকল জেলাস্তরের নোডাল আধিকারিক মিডিয়াতে সঠিক তথ্য প্রদানে সচেষ্ট থাকবেন এবং সোশ্যাল মিডিয়াতে সর্বদা নজরদারি রাখবেন যাতে করে কোনও ভুল তথ্য সাধারণ মানুষকে বিভ্রান্ত না করে। কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ. জে. মগ এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****